



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট - ৩১০০

স্মারক নং : সিশিবো/বিদ্যা/রেজিঃ/নবায়ন/৮৯৬

তারিখঃ ০৭ কার্তিক ১৪২৬  
২২ অক্টোবর ২০১৯

## বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদের মধ্যে এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে ( ৪র্থ বিষয় বাদে ) অকৃতকার্য হয়েছে, সে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ নবায়নপূর্বক ২০২০ সালের এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

রেজিস্ট্রেশনের মেয়াদ নবায়নের নিমিত্তে আগামী ০৭/১১/২০১৯ তারিখের মধ্যে নিম্ন-স্বাক্ষরকারীর বরাবরে নিম্নোক্ত কাগজপত্রাদিসহ আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

- ১। শিক্ষার্থী প্রতি ৬০০/- (ছয়শত) টাকার ( যে কোন সোনালী ব্যাংক থেকে ) সোনালী সেবা।
- ২। এস এস সি রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি।
- ৩। প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত টেবুলেশন শীটের অনুলিপি।

( মোহাম্মদ মঈনুল ইসলাম ) ২২.১০.১৯

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

৬/১১/১৯  
২২/১০/১৯